

# EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Weekly Current Affairs – 16<sup>th</sup>– 22<sup>nd</sup> Sept' 2025

## জাতীয় ঘটনাবলি

- কলকাতায় 16th Armed Forces Conference শুরু করলেন নরেন্দ্র মোদী।
- আহমেদাবাদে ভারতের বৃহত্তম স্পোর্টস কমপ্লেক্সের উদ্বোধন করলেন অমিত শাহ। এটির নাম রাখা হয়েছে বীর সাতারকর ক্রীড়া কমপ্লেক্স, এটি 1 লক্ষ 19 হাজার বর্গমিটার জুড়ে বিস্তৃত এবং 825 কোটি টাকা ব্যয়ে নির্মিত।
- GI ট্যাগ পাওয়া স্থানীয় শস্য গুলিকে প্রমোট করতে 14 তম Hathei Chilli Festival হোস্ট করবে মনিপুর। হাতেই চিলি 2021 সালে ভৌগোলিক নির্দেশক (GI) ট্যাগ পেয়েছে।
- মধ্যপ্রদেশের ধর জেলার ভৈনসোলা গ্রামে 2,158 একর জমিতে PM Mitra (প্রধানমন্ত্রী মেগা ইন্টিগ্রেটেড টেক্সটাইল রিজিয়ন এন্ড অ্যাপারেল) Park-এর উদ্বোধন করলেন নরেন্দ্র মোদী।
- Universal Postal Union (UPU) Council-এ পুনরায় নির্বাচিত হল ভারত।
- ভারতের প্রথম রাজ্য হিসাবে মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের জন্য আইডি কার্ড ইস্যু করল তামিলনাড়ু।
- AI Impact Summit 2026 হোস্ট করবে ভারত।
- মহারাষ্ট্রের আহমেদনগর রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে রাখা হল "অহল্যানগর"।
- প্রথম Indian Defence Manufacturing Plant উদ্বোধন করা হলো মরক্কোতে।
- নিউ দিল্লিতে 10th All India Conference of the Central Administrative Tribunal (CAT) উদ্বোধন করলেন ভারতের প্রধান বিচারপতি বি.আর. গাভাই।
- 28th National Conference on e-Governance আয়োজিত হল বিশাখাপত্তনমে।
- বন্যা কবলিত পাঞ্জাব, হিমাচল প্রদেশ ও জম্মু কাশ্মীরে দুর্গতদের সহায়তা প্রদান করতে অপারেশন রাহাত লঞ্চ করল ইন্ডিয়ান আর্মি।
- সম্প্রতি HealthAI Global Network এর সদস্য হলো ভারত।
- নিউ দিল্লিতে দ্বিতীয় সংস্করণ অ্যান্টি-নারকোটিকস টাস্ক ফোর্স (ANTF) সম্মেলন উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ।
- রয়াল ভুটান বুদ্ধিষ্ট টেম্পল উদ্বোধন হল বিহারে।
- এশিয়ার প্রথম ডেডিকেটেড মহিলা ক্যান্সার সেন্টার অ্যাপোলো অ্যাথেনা উদ্বোধন করা হলো নিউ দিল্লিতে।
- 18-19 সেপ্টেম্বর "আয়ুষ সেক্টরে আইটি সমাধান" শীর্ষক দুই দিনের জাতীয় আয়ুষ মিশন কর্মশালা আয়োজন করল কেরল।
- বিশ্বের প্রথম World Teak Conference আয়োজিত হল কোচিতে।
- পিরিওডিক লেবার ফোর্স সার্ভে (PLFS) অনুসারে, ভারতের সামগ্রিক বেকারত্বের হার 5.1%.
- আন্তর্জাতিক মানের Blue Port নির্মাণের জন্য FAO-এর সাথে চুক্তি স্বাক্ষর করল ভারত।

## আন্তর্জাতিক ঘটনাবলি

- বিশ্বের প্রথম দেশ হিসেবে আলবেনিয়া একজন কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দ্বারা পরিচালিত "ডিয়েলা" নামে একজন মন্ত্রিপরিষদ মন্ত্রী নিয়োগ করল।
- 2025 সালে G20 Summit হোস্ট করবে দক্ষিণ আফ্রিকা। আফ্রিকা মহাদেশে প্রথমবারের মতো এই শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সামিট 22-23 নভেম্বর, 2025 তারিখে অনুষ্ঠিত হবে।
- মার্কিন যুক্তরাষ্ট্র ও জাপানের সাথে Freedom Edge নামে যৌথ নৌসেনা ও বায়ু সেনা মহড়া লঞ্চ করল দক্ষিণ কোরিয়া।
- Global Forest Fund-এ ইনভেস্ট করতে চলা প্রথম দেশ হল ব্রাজিল।
- ভূমধ্যসাগরে ভারতের সাথে প্রথম নৌসেনা মহড়া আয়োজন করল গ্রীস।
- সম্প্রতি High Seas Treaty 60 টি অনুমোদন পেয়েছে। 2026 সালের 17 জানুয়ারী থেকে এই চুক্তি কার্যকর হবে। ভারত-সহ 143 টি দেশ এই চুক্তিতে স্বাক্ষর করেছে। চারটি দেশ সম্প্রতি এই চুক্তিটি কার্যকর করেছে - শ্রীলঙ্কা, সেন্ট ভিনসেন্ট এবং গ্রেনাডাইনস, সিয়েরা লিওন এবং মরক্কো। (\*\*\*)High Seas Treaty-এর সম্পূর্ণ নাম Marine Biological Diversity of Areas beyond National Jurisdiction (BBNJ) treaty).

7. Ofek 19 নামে স্পাই স্যাটেলাইট লঞ্চ করল ইসরাইল।
8. বিশ্বের প্রথম mRNA ক্যাম্পার ভ্যাকসিন Enteromics তৈরি করল রাশিয়া।

## নিয়োগ

1. মনিপুর হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন এম. সুন্দর।  
(\*\*\*মণিপুরের রাজধানী ইমফলে রাজ্যপাল অজয় কুমার ভাল্লা শপথ বাক্য পাঠ করান।)
2. উপ-রাষ্ট্রপতির একান্ত সচিব হিসাবে নিযুক্ত হলেন কেৱালা ক্যাডারের 2014 ব্যাচের আইএএস অফিসার চন্দ্রশেখর এস।
3. অবসরপ্রাপ্ত আইএএস অফিসার এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বর্তমান উপদেষ্টা অমিত খারেকে তিন বছরের চুক্তিতে উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণের সচিব নিযুক্ত করা হয়েছে। 1985 সালের ঝাড়খণ্ড ক্যাডারের অফিসার অমিত খারে পূর্বে কেন্দ্রীয় উচ্চশিক্ষা সচিব হিসেবে দায়িত্ব পালন করেছিলেন এবং জাতীয় শিক্ষা নীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।
4. UN Women -এর একজিকিউটিভ ডিরেক্টর পদে দ্বিতীয়বার নিযুক্ত হলেন ড. সীমা বাহাউস। 2021 সাল থেকে তিনি এই পদে রয়েছেন।
5. দক্ষিণ কোরিয়ায় ভারতের নতুন রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন 1999 সালের অসম ক্যাডারের IFS অফিসার গৌরাঙ্গলাল দাস।
6. বিশ্বব্যাংকের পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় (EAP) অঞ্চলের বর্তমান ভাইস প্রেসিডেন্ট পদে নিযুক্ত হলেন কার্লোস ফেলিপ জারামিলো। তিনি 15 সেপ্টেম্বর, 2025 তারিখে নিযুক্ত হলেন। 23 টি দেশের সাথে অংশীদারিত্ব তত্ত্বাবধান করবেন তিনি।
7. আঞ্চলিক ভবিষ্যনিধি কমিশনার শ্রী বিবেকানন্দ গুপ্তা, মর্যাদাপূর্ণ বিশ্বব্যাংক - মিলকেন ইনস্টিটিউট পাবলিক ফাইন্যান্সিয়াল অ্যাসেস্ট ম্যানেজমেন্ট (PFAM) প্রোগ্রাম 2025-26- এ একমাত্র ভারতীয় অংশগ্রহণকারী হিসেবে নির্বাচিত হয়েছেন।
8. Advertising Standards Council of India (ASCI)-এর চেয়ারম্যান পদে নিযুক্ত হলেন শুধাংশু ভাটস।
9. ডেপুটি ইলেকশন কমিশনার হিসাবে নিযুক্ত হলেন পবন কুমার শর্মা
10. Board of Control for Cricket in India (BCCI)-এর নতুন প্রেসিডেন্ট হচ্ছেন মিঠুন মানহাস। জম্মু-কাশ্মীর থেকে প্রেসিডেন্ট হওয়া প্রথম ব্যক্তি হলেন তিনি।
11. প্রথম ভারতীয় বংশোদ্ভূত মহিলা হিসাবে UNEP FI PSI Board-এ সভাপতিত্ব করবেন অমিতা চৌধুরী।

## পুরস্কার

1. স্টুডেন্ট ইনোভেশনের জন্য INSPIRE Awards-MANAK (Million Minds Augmenting National Aspirations and Knowledge) 2025 জিতল বিহারের মুজাফফরপুর।
2. American Society of Mechanical Engineers (ASME)-এর দ্বারা Holley Medal-এ সম্মানিত হলেন বাবাসাহেব নীলকান্ত কল্যাণী। তিনি হলেন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ফোরজিংস প্রস্তুতকারক কোম্পানি ভারত ফোর্জের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে এই পুরস্কার প্রদান করা হয়।
3. অস্ট্রিয়ার ভিয়েনাতে অনুষ্ঠিত Diabetes Global Impact Prize 2025 পেলেন ডা. ভি. মোহন।
4. রেশম উৎপাদনের জন্য 'Best State Award' পেল অন্ধ্রপ্রদেশ রাজ্য।
5. অস্কার 2026-এর জন্য ভারতের অফিসিয়াল এন্ট্রি হিসাবে নির্বাচিত হল Homebound সিনেমা, পরিচালক - নীরজ ঘাইওয়ান।
6. ভারত-যুক্তরাজ্য মুক্ত বাণিজ্য চুক্তি (FTA) চূড়ান্তকরণে ভূমিকা রাখার জন্য যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কায়ার স্টারমার 'লিভিং ব্রিজ' সম্মাননা পেয়েছেন।
7. **71তম Dadasaheb Phalke Award (2023 সালের জন্য)**
  - দাদাসাহেব ফালকে পুরস্কার - মোহন লাল (মালয়ালম ও ভারতীয় সিনেমা জগতে অসামান্য কৃতিত্বের জন্য তাঁকে এই পুরস্কার দেওয়া হল)।
  - সেরা পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র - 12th Fail (বিধু বিনোদ চোপড়া পরিচালিত)
  - সেরা হিন্দি চলচ্চিত্র- কাঁঠাল (সানিয়া মালহোত্রা পরিচালিত)

- সেরা অভিনেতা- শাহরুখ খান (জওয়ান) এবং বিক্রম মেসি (12th Fail)
- সেরা অভিনেত্রী- রানী মুখার্জি (মিসেস চ্যাটার্জি ভার্ভেস নরওয়ে)
- সেরা বাংলা চলচ্চিত্র - ডিপ ফ্রিজ।

### দিন/থিম

1. বিশ্ব ওজোন দিবস পালিত হয় 16 সেপ্টেম্বর। 2025 থিম - "From science to global action", marking 40 years since the world united to protect the ozone layer.  
(\*\*ওজোন স্তরের গুরুত্ব এবং ওজোন স্তর ক্ষয়ের বিপদ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার জন্য এই দিনটি পালিত হয়। 1987 সালে মন্ট্রিল প্রোটোকল স্বাক্ষরের দিনটিকে স্মরণ করে জাতিসংঘ 16 সেপ্টেম্বরকে বিশ্ব ওজোন দিবস হিসেবে ঘোষণা করে।)
2. বিশ্ব শান্তি দিবস পালিত হয় 21 সেপ্টেম্বর।

### খেলাধুলা

1. ভারতীয় ক্রিকেট টিমের স্পন্সর হল Apollo Tyres. আগামী আড়াই বছরের জন্য ভারতের পুরুষ ও মহিলা, সিনিয়র এবং জুনিয়র জার্সিগুলির লোগো থাকবে। 30 সেপ্টেম্বর 2025 থেকে শুরু হতে চলা মহিলা ওয়ানডে বিশ্বকাপ থেকে নতুন চুক্তি কার্যকর হবে।
2. 2025 আগস্ট মাসে ICC প্রদত্ত Men's Player of The Month Award জিতলেন ভারতীয় বোলার মহম্মদ সিরাজ এবং Women's Player of the Month অ্যাওয়ার্ড জিতলেন আয়ারল্যান্ডের ক্রিকেটার Orla Prendergast.
3. চীনে আয়োজিত Speed Skating World Champions-এ পুরুষদের 42 কিলোমিটার ম্যারাথনে ভারতের হয়ে প্রথম স্বর্ণপদক জিতলেন আনন্দ কুমার। তামিলনাড়ু নিবাসী 22 বছরের বয়সী এই খেলোয়াড় স্কেটিং খেলায় ভারতের উজ্জ্বল নক্ষত্র।
4. 2025 Duleep Trophy জিতল Central Zone. বেঙ্গালুরুর বিসিসিআই সেন্টার অফ এক্সিলেন্সে অনুষ্ঠিত এই ম্যাচে রজত পাতিদারের নেতৃত্বাধীন সেন্ট্রাল জোন 11 বছর পর সাউথ জোনকে 6 উইকেটে হারিয়ে দলীপ ট্রফি বিজয়ী হল। ফাইনালে ম্যাচ সেরা হয়েছেন যশ রাঠোড় (194 রান করেছেন)।
5. সম্প্রতি FIDE Master হলেন মারিয়াম ফতিমা। বিহারের প্রথম মহিলা হিসাবে তিনি এই খেতাব অর্জন করলেন।
6. Asian Cadet Cup 2025 হোস্ট করল উত্তরাখণ্ড।
7. আন্তর্জাতিক টি-20 ক্রিকেটে 100 টি উইকেট নেওয়া প্রথম ভারতীয় হলেন আশদীপ সিং।
8. প্রথম Archery Premier League-এর ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হলেন অভিনেতা রাম চরণ।
9. World Athletics Championships 2025 অনুষ্ঠিত হল জাপানের টোকিও শহরে।
10. **69তম ব্যালন ডি'অর পুরস্কার -**
  - পুরুষ বিভাগ - উসমান ডেবেলে (ফরাসি ফরোয়ার্ড)
  - মহিলা বিভাগ - আইতানা বনমাতি (পরপর 3 বার ব্যালন ডি'অর পুরস্কার বিজয়ী, বার্সেলোনা)।

### প্রকল্প/ পরিষেবা

1. অনাথ শিশুদের জন্য 'Anbu Karangal' স্কিম লঞ্চ করলেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম.কে. স্টালিন।

### বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. ভারতীয় রিজার্ভ ব্যাংক (RBI) ভারতীয় নোট সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত করার জন্য, তাদের নকশা এবং সুরক্ষা বৈশিষ্ট্যগুলি তুলে ধরার জন্য একটি নতুন মাইক্রোসাইট - <https://indiancurrency.rbi.org.in> - চালু করেছে। নোটের 360° ভিউ, মাল্টিমিডিয়া রিসোর্স (ভিডিও, অডিও, অ্যানিমেশন) এবং জনসচেতনতার জন্য ইন্টারেক্টিভ গেম, পুরাতন বা ক্ষতিগ্রস্ত মুদ্রা বিনিময় সম্পর্কে তথ্য রয়েছে এই সাইটে। মুদ্রা সাক্ষরতা প্রচার এবং জাল নোট মোকাবেলার জন্য কার্যকরী হবে এই প্ল্যাটফর্ম।
2. Person-to-Merchant (P2M) UPI ট্রানজেকশন লিমিট 5 লক্ষ থেকে বাড়িয়ে করা হল 10 লক্ষ টাকা। ন্যাশনাল পেমেণ্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া (NPCI) দ্বারা বাস্তবায়িত এই পরিবর্তনটি বৃহত্তর উচ্চ-মূল্যের ডিজিটাল

পেমেন্টগুলিকে নির্বিলম্বে অনুমোদন করে, যেখানে ব্যক্তি-থেকে-ব্যক্তি (P2P) লেনদেনের দৈনিক সীমা ₹1 লক্ষ টাকাই রয়েছে।

3. পোস্ট অফিসের মাধ্যমে 1.65 লক্ষ BSNL সিম বিক্রি করবে ইন্ডিয়া পোস্ট। গ্রামীণ টেলিযোগাযোগ পরিষেবা বৃদ্ধির লক্ষ্যে ভারত সঞ্চার মিগম লিমিটেড (BSNL) ও কেন্দ্রীয় ডাক বিভাগ মৌ স্বাক্ষর করেছে। এছাড়াও পোস্ট অফিস মাধ্যমে যে পরিষেবাগুলি পাওয়া যাবে সেগুলি হল- BSNL সিম কার্ড বিক্রয়, মোবাইল রিচার্জ পরিষেবা, BSNL পরিষেবার জন্য গ্রাহকদের অন্তর্ভুক্তি। এই পদক্ষেপটি ডিজিটাল বৈষম্য দূর করার জন্য (বিশেষ করে প্রত্যন্ত এবং সুবিধাবঞ্চিত অঞ্চলে) ডিজাইন করা হয়েছে।

### বই ও লেখক

1. "রকেট ড্রিমস: মাস্ক, বেজোস অ্যান্ড দ্য ইনসাইড স্টোরি অফ দ্য নিউ, ট্রিলিয়ন-ডলার স্পেস রেস" শিরোনামে বই লিখলেন সাংবাদিক ক্রিস্টিয়ান ডেভেনপোর্ট। বর্তমানে মহাকাশ প্রতিযোগিতা-অহংকার, উচ্চাকাঙ্ক্ষা এবং কোটিপতিদের প্রতিদ্বন্দ্বিতা এই বইটির সারাংশ। ক্রাউন কারেন্সি দ্বারা প্রকাশিত, এই বইটিতে এলন মাস্কের স্পেস এক্স এবং জেফ বেজোসের ব্লু অরিজিন কোম্পানি দুটির মধ্যে কর্পোরেট লড়াইয়ের দিক বর্ণনা করা হয়েছে।
2. "Demography, Representation, Delimitation The North-South Divide in India" শিরোনামে বই লিখলেন রবি কে. মিশ্র।

### বিবিধ

1. প্রাক্তন ভারতীয় ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলির সাথে 'Souragya' নামে প্রিমিয়াম পোশাক ব্র্যান্ড লঞ্চ করল Myntra.
2. Global Innovation Index 2025-এ ভারতের স্থান 38; প্রথম স্থানে রয়েছে সুইজারল্যান্ড। Cornell University এবং INSEAD-এর সহযোগিতায় World Intellectual Property Organization (WIPO)-এই রিপোর্ট প্রকাশ করে।
3. 2025 সালে ভারতের ব্যস্ততম শহরের তকমা পেল কলকাতা। (কলকাতায় 10 কিলোমিটার ভ্রমণ করতে গড়ে 34 মিনিট 33 সেকেন্ড সময় লাগে এবং গড় স্পিড 17.4 কিমি/ঘণ্টা)।
4. 2025 বৃহত্তম ই-কমার্স বাজারের তালিকায় অষ্টম স্থানে রয়েছে ভারত। প্রথম স্থানে রয়েছে চীন। (\*\*2025 সালে বিশ্বব্যাপী ই-কমার্স বাজারের মূল্য প্রায় 6.8 ট্রিলিয়ন মার্কিন ডলার হবে বলে অনুমান করা হচ্ছে)।

### মৃত্যু বার্তা

1. সম্প্রতি সিঙ্গাপুরে স্কুবা ডাইভিং দুর্ঘটনায় 52 বছর বয়সে প্রয়াত হলেন আসামের গীতিকার, সঙ্গীত ও চলচ্চিত্র পরিচালক-প্রযোজক, অভিনেতা, চিত্রনাট্যকার এবং সমাজসেবী জুবিন গর্গ। (2006 সালের "ইয়া আলি" গান সহ বলিউড, বাংলা ও আসামি গানের জন্য তিনি পরিচিত ছিলেন)।
2. সম্প্রতি মারা গেল ভারতের একমাত্র আফ্রিকান হাতি 'শংকর'। 1990 এর দশকে জিম্বাবোয়ে সরকার ভারতকে এই হাতি উপহার দেয়। দিল্লির জাতীয় প্রাণিবিদ্যা উদ্যানে 30 বছর বয়সী এই হাতির মৃত্যু হয়।